# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 13 April, 2025

চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়ক অল্পদিনের মধ্যে ছয় লেনে উন্নীত করা হবে বলে আশ্বাস দিয়েছেন অন্তর্বর্তীকালীন সরকারের ধর্ম মন্ত্রণালয়ের উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন।শনিবার (১২ এপ্রিল) চট্টগ্রাম নগরীর এলজিইডি ভবনের প্রয়াত কামরুল ইসলাম সিদ্দিকী মিলনায়তনে বাংলাদেশ মুসলিম নিকাহ রেজিস্ট্রার ফোরাম আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আশ্বাস দেন।

এ সময় যৌতুক প্রথা বন্ধে ইমাম ও খতিবদের দায়িত্বশীল ভূমিকারও আহ্বান জানান উপদেষ্টা।তিনি বলেন, 'বিভিন্ন ফোরামে ইমাম-খতিবদের কথা বলার সুযোগ আছে।সেটাকে অবশ্যই কাজে লাগাতে হবে।আমরা সবাই জানি, যৌতুক দেওয়া-নেওয়া অপরাধ।এটি সমাজের অভিশাপ।কিন্তু শুধু শ্লোগান বা ফেস্টুনে এটি বন্ধ হবে না।মানুষকে সচেতন করতে ইমাম-খতিবদের মুখ খুলতে হবে। বিয়ে নিবন্ধন ব্যবস্থায় অনিয়মের কথাও তুলে ধরেন উপদেষ্টা।তিনি বলেন, অনেক সময় কাজী ও তাদের সহকারীরা সরকারি বিধি না মেনে অতিরিক্ত ফি আদায় করেন, যা বন্ধ করতে হবে।ফি আদায়ের রশিদ দিতে হবে।মানুষ যেন হয়রানির শিকার না হয়, তা নিশ্চিত করতে হবে।'

সভায় সভাপতিত্ব করেন ফোরামের সভাপতি কাজী ছৈয়দ মুহাম্মদ আবু ছাঈদ।বক্তব্য রাখেন চট্টগ্রামের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মাহবুবুল হক ও এলজিইডির নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ হাসান আলী।

সভায় অংশ নেওয়া নেতারা বাল্যবিয়ে বন্ধে কনের স্থায়ী ঠিকানায় বিয়ে নিবন্ধন বাধ্যতামূলক করা, নিবন্ধনের ফি তিন ভাগে ভাগ করার সংস্কার কমিশনের সুপারিশ বাতিল, এবং বরের বয়স ২০ ও কনের বয়স ১৬ নির্ধারণের দাবি উত্থাপন করেন। এই দাবিগুলো সরকারের উর্ধ্বতন মহলে উপস্থাপনের আশ্বাস দেন ধর্ম উপদেষ্টা।

ধর্ম মন্ত্রণালয় উপদেষ্টা চট্টগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:06

URL: https://www.timestodaybd.com/public/chittagong/690780564